

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অটোমেটেড ল্যান্ড এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট সিস্টেম (এ্যামস)  
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি), ভূমি মন্ত্রণালয়  
ভূমি ভবন, (লিফটের-১০), শহীদ তাজ উদ্দিন আহমদ সরণী, তেজগাঁও, ঢাকা  
[www.alams.minland.gov.bd](http://www.alams.minland.gov.bd)

স্মারক নং- ৩১.০০.০০০০.০৫৭.৪০.০১৪.২৪-৩৯৩

তারিখ:

৬ই ভাদ্র ১৪৩১

২১ আগস্ট ২০২৪

সূত্র- ৩১.০০.০০০০.০৫৭.৪০.০১৪.২৪-৩৯২, তারিখ- ২০ আগস্ট ২০২৪

**বিষয়:** ভূমি উন্নয়ন কর সিস্টেমে নাগরিকের কর আদায়ে সৃষ্ট জটিলতা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব ড. মো: জাহিদ হোসেন পনির, যুগ্মসচিব, ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয়।  
তারিখঃ ২১ আগস্ট, ২০২৪ খ্রিঃ  
সময়ঃ বিকেল ৩:০০ মিনিট  
স্থানঃ এ্যামস সভাকক্ষ, ১০ম তলা, ভূমি ভবন, শহীদ তাজ উদ্দিন আহমদ সরণী, তেজগাঁও, ঢাকা  
উপস্থিতিঃ পরিশিষ্ট - ক

অনুষ্ঠানের শুরুতেই সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি, ভূমি উন্নয়ন কর সিস্টেমে নাগরিকের Upay এর মাধ্যমে কর আদায়ে সৃষ্ট জটিলতা নিয়ে আলোচনা করেন। আলোচনায় Upay প্রতিনিধি জানান যে, গত ১৭ মে থেকে ২৭ মে কিছু সংখ্যক নাগরিক Upay এর মাধ্যমে ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য পে করেন, কিন্তু নাগরিক পেমেন্ট সফল হওয়ার বার্তা না পাওয়ায় এবং দাখিলা না পাওয়ায় আবার পেমেন্ট করেন। পরবর্তীতে নাগরিক বুঝতে পারেন যে তিনি ডাবল পেমেন্ট করে ফেলেছেন। উপস্থিত এলডি ট্যাক্স সিস্টেম ডেভেলপার প্রতিষ্ঠান এর প্রতিনিধি এ বিষয়ে মতামত প্রকাশ করেন এবং উপস্থিত এ্যামস এর কনসালটেন্ট ও স্পেশিয়ালিস্ট গনও তাদের মতামত প্রকাশ করেন। আলোচনায় সভাপতি উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে নাগরিকের কর আদায়ে সৃষ্ট সমস্যা নিরসনের জন্য বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

ক্রমঃ	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
০১	নাগরিকের ভুলে পেমেন্টকৃত অতিরিক্ত টাকা যাচাই এর শর্তে দ্রুত ফেরত দেয়ার ব্যবস্থা করবেন।	Upay কর্তৃপক্ষ
০২	নাগরিকের সাথে টাকা ফেরত দেয়ার বিষয়ে অতি দ্রুত যোগাযোগ করে করবেন।	এলডি ট্যাক্স কনসালটেন্ট, এ্যামস
০৩	সাময়িকভাবে Upay নাগরিককে টাকা ফেরত দেয়ার দ্রুত ব্যবস্থা করবেন এবং Upay কে অর্থ মন্ত্রণালয় থেকে টাকা ফেরত দেয়ার বিষয়ে সহায়তা করবেন।	Upay কর্তৃপক্ষ ও এ্যামস কর্তৃপক্ষ
০৪	যত তাড়াতাড়ি সম্ভব এ বিষয়ে নাগরিকের আবেদন ও প্রমানকসহ অর্থ মন্ত্রণালয় কে অফিসিয়াল চিঠি প্রেরণের ব্যবস্থা করবেন।	Upay কর্তৃপক্ষ ও ভূমি মন্ত্রণালয়
০৫	এ বিষয়ে নাগরিকের প্রমানকসহ আবেদন দ্রুত যাচাই করবেন।	এলডি ট্যাক্স সিস্টেম ডেভেলপার প্রতিষ্ঠান
০৬	এ বিষয়ে সিজিএ, অর্থ মন্ত্রণালয় এর সাথে দ্রুত সমন্বয় করবেন।	ল্যান্ড পলিসি স্পেশিয়ালিস্ট, এ্যামস
০৭	গত ১৭ মে থেকে ২৭ মে Upay এর মাধ্যমে নাগরিকের পেমেন্টকৃত অতিরিক্ত টাকা স্বল্প সময়ের মধ্যে আনুষ্ঠানিকভাবে ফেরত দেয়ার ব্যবস্থা করবেন এবং এ আনুষ্ঠানিক বিষয়ে সাপোর্ট ও কন্টেন্ট ডেভেলপ করবেন।	Upay কর্তৃপক্ষ, অভিযোগ নিষ্পত্তি কনসালটেন্ট এবং কনটেন্ট ডেভেলপমেন্ট ও কানেকটিং সিটিজেনস কনসালটেন্ট এ্যামস
০৮	এ বিষয়ে নিগরকদের সাথে এসএমএস প্রেরণ করবেন ও নিয়মিত এ রকম সমস্যা সমূহ চিহ্নিত করার জন্য কাজ করবেন।	মিউটেশন কনসালটেন্ট, এ্যামস
০৯	নিয়মিত এ বিষয়ে মাসিক সভার ব্যবস্থা করবেন এবং সার্বিক সমন্বয়ে কাজ করবেন।	এলডি ট্যাক্স কনসালটেন্ট, এ্যামস
১০	এ রকম সমস্যা কমানোর লক্ষ্যে নাগরিকের সচেতনতা বৃদ্ধির জন্য পলিসি তৈরি করে নাগরিককে নিয়মিত অভিহিত করণের ব্যবস্থা করবেন।	এলডি ট্যাক্স কনসালটেন্ট, এ্যামস

১১	পলিসি তৈরির বিষয়ে সার্বিক দিক নির্দেশনে দিবেন।	ল্যান্ড সার্ভিসেস স্পেশিয়ালিস্ট
১২	এ বিষয়ে সার্বিক সুপারভিশন করবেন।	ল্যান্ড পলিসি স্পেশিয়ালিস্ট, ল্যান্ড সার্ভে এন্ড সেটেলমেন্ট স্পেশিয়ালিস্ট ও ল্যান্ড সার্ভিসেস স্পেশিয়ালিস্ট

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মো: জাহিদ হোসেন পনির

যুগ্মসচিব,

ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয়

মোবাইল: +৮৮০ ১৭১২ ৯১ ৫১ ৯৪

ইমেইল:

[lsdmc@minland.gov.bd](mailto:lsdmc@minland.gov.bd)

সংযুক্তিঃ

১। পরিশিষ্ট - ক (সভার উপস্থিতি)

২। পরিশিষ্ট - খ (ক্ষতিগ্রস্ত নাগরিকদের তালিকা)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

২। প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প

৩। উপ-সচিব, ডিকেএমপি অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়

৪। অটোমেটেড ল্যান্ড এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট সিস্টেম (এ্যামস) এর স্পেশিয়ালিস্ট এবং কনসালটেন্ট (সকল), ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয়

৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫। প্রশাসনিক কর্মকর্তা, ডিকেএমপি, ভূমি মন্ত্রণালয়

৬। ব্যবস্থাপনা পরিচালক ও সংশ্লিষ্ট প্রতিনিধি, মাইসফটহেভেন

৭। ব্যবস্থাপনা পরিচালক ও সংশ্লিষ্ট প্রতিনিধি, Upay